২৯ মে ২০১৪

# সংবাদমাধ্যমকর্মীদের বিরুদ্ধে মামলা সহ হুমকির ঘটনা

## সংবাদমাধ্যমের দায়িত্ব পালন ও মতপ্রকাশের স্বাধীনতা নিশ্চিতকরণে আইন ও সালিশ কেন্দ্র (আসক)-এর জোর দাবি

দেশে সাম্প্রতিক সময়ে সংবাদমাধ্যমকর্মীদের বিরুদ্ধে চাঁদাবাজি, ছিনতাইয়ের মামলাসহ নানাবিধ হুমকির ঘটনায় আইন ও সালিশ কেন্দ্র (আসক) গভীর উদ্বেগ প্রকাশ করছে।

গণমাধ্যমসূত্রে জানা যায়, গত ২৬ মে ২০১৪ দৈনিক প্রথম আলো'র পটুয়াখালী প্রতিনিধি এ.বি.এম. মিজানুর রহমানের বিরুদ্ধে চাঁদাবাজি ও ছিনতাইয়ের অভিযোগে মামলা করা হয়েছে। গত ২৪মে ২০১৪ প্রথম আলোয় ছাপা 'বাউফলে স্থানীয় সরকার সহায়তা প্রকল্প, কাগজে আছে, বাস্তবে নাই' শীর্ষক প্রতিবেদন প্রকাশের পর স্থানীয় ইউনিয়ন যুবলীগ সভাপতি উক্ত সাংবাদিকের বিরুদ্ধে মামলা দায়ের করেন। গণমাধ্যমসূত্রে আরও জানা যায়, ২৮ মে ২০১৪ নারায়ণগঞ্জে সাত খুন সংক্রান্ত একটি প্রতিবেদনের বিষয়ে মন্তব্য জানার জন্য ফোনে কথোপকথনকালে একজন অনলাইন সংবাদমাধ্যমকর্মী বাহরাম খান নারায়ণগঞ্জ-৪ আসনের সাংসদ কর্তৃক হুমকিপ্রাপ্ত হন।

লক্ষ্যণীয় যে, পেশাগত দায়িত্ব পালনরত অবস্থায় সংবাদমাধ্যম কর্মীরা নানাবিধ হুমকি ও মামলার শিকার হচ্ছেন, আবার কখনও হামলার শিকার হচ্ছেন। আমরা মনে করি, সংবাদমাধ্যম এবং এর সাথে সংশ্লিষ্ট সবার সাথে সহনশীল ও সহযোগিতা পূর্ণ আচরণ একটি গণতান্ত্রিক সমাজ ব্যবস্থার জন্য অত্যাবশ্যকীয়। এ ধরণের ঘটনার পুনরাবৃত্তি মত প্রকাশের স্বাধীনতা ও সাংবাদিকদের পেশাগত দায়িত্ব পালনের অধিকারকে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত করছে। বাংলাদেশ সংবিধানের অনুচ্ছেদ-৩৯ এ মতপ্রকাশের স্বাধীনতা ও সংবাদপত্রের স্বাধীনতা নিশ্চিত করার সুস্পষ্ট নির্দেশ রয়েছে।

আইন ও সালিশ কেন্দ্র সংবাদমাধ্যমের দায়িত্ব পালন ও মতপ্রকাশের স্বাধীনতা নিশ্চিতকরণে অতি দ্রুততার সাথে এ ধরণের ঘটনার সুষ্ঠু ও পুঙ্খানুপুঙ্খ তদন্তের মাধ্যমে দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা করার জন্য প্রশাসন ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে জোর দাবি জানাচ্ছে।